

ইউজিসি মেধাবৃত্তি ও জনতা ব্যাংক মেধাবৃত্তি সংক্রান্ত নিয়মাবলী

- ১। ইউজিসি মেধাবৃত্তি কমিশন তহবিল থেকে এবং জনতা ব্যাংক মেধাবৃত্তি জনতা ব্যাংক এর অর্থানুকূলে গঠিত তহবিল থেকে প্রদান করা হবে;
- ২। দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদ থেকে ১ (এক) জন শিক্ষার্থীকে এক বছরের জন্য ইউজিসি মেধাবৃত্তি ও জনতা ব্যাংক মেধাবৃত্তি প্রদান করা হবে ;
- ৩। দেশের পুরাতন ০৬ (ছয়) টি পাবলিক বিশ্ববিদ্যালয় (ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, জাহাঙ্গীরনগর, বাংলাদেশ প্রকৌশল এবং বাংলাদেশ কৃষি) থেকে ১ (এক) জন করে সর্বমোট ০৬ (ছয়) জন মেধাবী শিক্ষার্থীকে এক বছরের জন্য জনতা ব্যাংক মেধাবৃত্তি প্রদান করা হবে। এ সব বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে জনতা ব্যাংক মেধাবৃত্তি ও ইউজিসি মেধাবৃত্তি একত্র করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের অনুষদ ভিত্তিক মেধাবী শিক্ষার্থী মনোনয়ন ও কাকে কোন বৃত্তি প্রদান করা হবে তা নির্ধারণ করবে ;
- ৪। প্রত্যেক বৃত্তির মূল্য ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা অর্থাৎ ১ বছরের জন্য প্রদেয় বৃত্তির পরিমাণ (৭৫০ X ১২ মাস) = ৯,০০০/- (নয় হাজার) টাকা। এ ছাড়াও বই-পুস্তক কেনার জন্য এককালীন ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা প্রদান করা হবে ;
- ৫। সাধারণত: স্নাতকোত্তর শ্রেণীর ছাত্র/ছাত্রীদেরকে এই বৃত্তি দেয়া হবে। তবে প্রকৌশল, কৃষি এবং চিকিৎসার ক্ষেত্রে কেবলমাত্র স্নাতক পর্যায়ের শেষ বর্ষের ছাত্র/ছাত্রীদেরকে বৃত্তি প্রদান করা হবে, যদি শেষ বর্ষের পূর্বের পরীক্ষা বিশ্ববিদ্যালয়ের অন্যতম চূড়ান্ত পরীক্ষা বলে বিবেচিত হয় ;
- ৬। পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (সম্মান) ডিগ্রিতে সর্বোচ্চ জিপিএ ১ম স্থান প্রাপ্তদের মধ্যে অনুষদে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থীকে মনোনয়ন প্রদান করতে হবে। কোন অনুষদে স্নাতক সম্মান পরীক্ষায় সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থী একাধিক হলে সে ক্ষেত্রে এইচএসসি পরীক্ষায় ফলাফলের ভিত্তিতে এবং এইচএসসি পরীক্ষার ফলাফলও একই হলে সেই ক্ষেত্রে এসএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে পদকের জন্য মনোনয়ন প্রদান করা যাবে। একটি অনুষদ থেকে একজনের বেশী মনোনয়ন প্রদান করা যাবে না।
কোন বিশ্ববিদ্যালয়ে সাধারণত: একই অনুষদে একই সময়ে একাধিক শিক্ষার্থীকে এই বৃত্তি প্রদান করা যাবে না। তবে কোন অনুষদে নির্ধারিত যোগ্যতা সম্পন্ন শিক্ষার্থী না থাকলে অন্য অনুষদ থেকে অনধিক দু'টি বৃত্তি দেয়া যাবে। তবে তা' একই বিষয়ের দু'জন শিক্ষার্থী হলে বিবেচনা করা যাবে না ;
- ৭। ইউজিসি মেধাবৃত্তি/জনতা ব্যাংক মেধাবৃত্তিধারী শিক্ষার্থীগণ একই সাথে অন্য কোন বৃত্তি উপভোগ করতে পারবে না ;
- ৮। যে সকল শিক্ষার্থী সকল পর্যায়ের পরীক্ষাতেই প্রথম বিভাগ/প্রথম শ্রেণীতে অথবা সমমানের ফলাফল করে উত্তীর্ণ হয়েছে কেবল মাত্র তারাই এই বৃত্তি পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে ;
- ৯। গর্হিত কোন আচরণের জন্য বিশ্ববিদ্যালয় কোন শিক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিয়ে থাকলে সেই শিক্ষার্থী এই বৃত্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে ;
- ১০। অনিয়মিত শিক্ষার্থী আছে এমন শিক্ষার্থীর মনোনয়ন বিবেচনা যোগ্য নয়। তবে তা' অনধিক এক বৎসর হলে বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার স্বাক্ষরিত যুক্তিসংগত কারণসহ মনোনয়ন পাওয়া গেলে কমিশন কর্তৃপক্ষ বিবেচনা করে দেখতে পারেন ;
- ১১। ইউজিসি মেধাবৃত্তি/জনতা ব্যাংক মেধাবৃত্তিধারী শিক্ষার্থীগণ বিনা বেতনে অধ্যয়নের সুযোগ পাবেন।


27-04-17
Md. Jahirul Islam
Assistant Director (Scholarship)
Research Support & Publication Division
University Grants Commission of Bangladesh
Agargaon, Dhaka-1207